দৈনিক ইনকিলাব

তারিখ 22 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

02

## শিক্ষাঙ্গন

### শিক্ষাঙ্গনে সন্ত্রাস ঃ খুনের বিচার হয়েছে কি?

গত বছর এক ছাত্র সংঘর্ষে নিহত হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র জোবায়ের চৌধুরী রিমু। তার শোকাহত জননী তৎকালীন উপাচার্যের নিকট চিঠি দিয়েছেন। "আমার ছেলেকে লাশ হবার জন্য আপনার বিশ্ববিদ্যালয়ে পাঠাইনি" শিরোনামের পত্রটি ঢাকা থেকে প্রকাশিত বেশ কয়েকটি দৈনিকে অবিকল ছাপা হয়।

গত ২৫-০৯-৯৪ একটি দৈনিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস বিষয়ক একটি প্রতিবেদন প্রকাশিত "তদন্ত রিপোর্ট, কোন বিচারও হয়নি, রাজনীতি দ্বন্দ্বে, অন্তর্কলহে তেইশ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিহত ৫২" শিরোনামের লেখাটিতে হামলাকারী ও নিহতদের দলীয় পরিচয় বিধৃত হয়েছে।

জানতে ইচ্ছে হয়, এ পর্যন্ত আমাদের শিক্ষাঙ্গনে কতটি খুন হয়েছে এবং কতটির বিচার হয়েছে?

—মোঃ আবদুল মকিম চৌধুরী
৭৭২/সি, এক্স ই-এন কলোনী,
চট্টগ্রাম-৪২০২।